



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, নাটোর
www.cooperative.natore.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

জেলা সমবায় কার্যালয়, নাটোর এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত
বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ-


সভাপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান,
উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর।
সভার তারিখ ১৭/১০/২০২৩ খ্রিঃ।
সভার সময় বেলা ৩:৩০ ঘটিকা।
স্থান জেলা সমবায় কার্যালয়, নাটোর এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি সংযুক্ত তালিকা।

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর এর সভাপতিত্বে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়নের লক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, নাটোর এ জিআরএস কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে জিআরএস কমিটির সভার কাজ শুরু হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ উপস্থাপন করার জন্য জিয়ারেজ কমিটির ফোকাল পয়েন্ট, জনাব মোঃ বুন্না রাইন মিন্টু, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নাটোরকে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিম্ন ছকে বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	সূচক ও বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	[১.১] নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি।	সভাপতি জানান, নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির নির্দেশনা রয়েছে। সেমোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করতে হবে।	(১) নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।
০২	[১.১.১] যদি কোন দপ্তর/সংস্থায় জিআরএস সিস্টেমে কোন অভিযোগ পাওয়া না যায়, সে দপ্তর বা সংস্থা কর্তৃক স্টেক হোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন।	মন্ত্রিপরিষদ বিভাগে নির্দেশনা অনুসারে যদি দপ্তর বা সংস্থায় প্রথম ৫ মাসে (জুলাই-নভেম্বর) জিআরএস সিস্টেমে কোন অভিযোগ পাওয়া না যায়, সেক্ষেত্রে প্রথম অর্ধবার্ষিকের শেষ মাসে (ডিসেম্বর) স্টেক হোল্ডারের সমন্বয়ে একটি সভা আয়োজন করতে হবে। অর্থাৎ কোন অর্থবছরে জিআরএস সিস্টেমে অভিযোগ দাখিল না হলে স্টেকহোল্ডারের সমন্বয়ে ২ টি সভা আয়োজন করতে হবে। কোন অর্ধবার্ষিকে অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট অর্ধবার্ষিকিতে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন করতে হবে না। গত সেপ্টেম্বর/২৩ মাসে জিআরএস সিস্টেমে এ দপ্তরে অনিক বরাবর কোন অভিযোগ না আসায় (জুলাই-ডিসেম্বর) অর্ধবার্ষিকিতে একটি সভা আয়োজনের প্রয়োজন মর্মে আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়।	চলতি অর্ধবার্ষিকিতে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজনের প্রয়োজন আছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

০৩	[১.২] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ।	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত রিটার্ন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা রয়েছে। কিন্তু অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন ৩০ তারিখের মধ্যে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ফলে ডিসেম্বর মাসের মাসিক রিটার্ন উক্ত মাসের শেষ কর্মদিবসের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।	(১) মাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে। (২) ডিসেম্বর/২৩ মাসের রিটার্ন উক্ত শেষ কর্মদিবসের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০৪	[২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন। (১ম অর্ধবার্ষিকিতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকিতে একটি)	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, জানান আগামী ১৮/১২/২০২৩ খ্রিঃ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ের স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হবে। দ্বিতীয় অর্ধবার্ষিকিতে আরো ১ টি সভা আয়োজন করতে হবে। জুন/২৩ মাসে সভা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	১) ২য় সভাটি জুন/২৩ মাসে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


সভাপতি ১৭.১০.২৩


(মোঃ মোস্তাফিজুর রহমান)
অভিযোগ প্রতিকার বাস্তবায়ন কমিটি
জেলা সমবায় কার্যালয়, নাটোর।

স্মারক নং ৪৭.৬১.৬৯০০.১৬.০০১১৫৩.২২-২০৪

তারিখঃ ১৭.১০.২০২৩খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
- ২) জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, নাটোর।
- ৩) উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় অফিস, নাটোর।
- ৪) পরিদর্শক-০৩, জেলা সমবায় অফিস, নাটোর।
- ৫) প্রধান সহকারী, জেলা সমবায় অফিস, নাটোর।


সভাপতি ১৭.১০.২৩

অভিযোগ প্রতিকার বাস্তবায়ন কমিটি
জেলা সমবায় কার্যালয়, নাটোর।